রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জুলাই ১২, ২০১৮**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

কমিটি বিষয়ক অধিশাখা

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৮ আষাঢ় ১৪২৫/০২ জুলাই ২০১৮

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৮-৭০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নিম্নরূপে 'জাতীয় হজ ব্যবস্থাপনা কমিটির নির্বাহী কমিটি' গঠন করিয়াছে :

**(ক) কমিটির গঠন :**

| | | |
|---|---|---|
| ১। | মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | সভাপতি |
| ২। | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | সদস্য |
| ৩। | সচিব, স্থানীয় সরকার বিভাগ | সদস্য |
| ৪। | সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | সদস্য |
| ৫। | সচিব, সুরক্ষা সেবা বিভাগ | সদস্য |
| ৬। | সচিব, তথ্য মন্ত্রণালয় | সদস্য |
| ৭। | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | সদস্য |
| ৮। | সচিব, জননিরাপত্তা বিভাগ | সদস্য |
| ৯। | সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ | সদস্য |
| ১০। | সচিব, রেলপথ মন্ত্রণালয় | সদস্য |
| ১১। | সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য |
| ১২। | সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় | সদস্য |
| ১৩। | সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৪। | সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় | সদস্য |
| ১৫। | সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | সদস্য |
| ১৬। | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ | সদস্য |
| ১৭। | সংশ্লিষ্ট মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয় | সদস্য |
| ১৮। | প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন | সদস্য |
| ১৯। | প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর | সদস্য |
| ২০। | অতিরিক্ত মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স | সদস্য |
| ২১। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন | সদস্য |
| ২২। | পরিচালক, হজ অফিস, ঢাকা | সদস্য |
| ২৩। | সভাপতি ও মহাসচিব, হজ এজেন্সিস এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) | সদস্য |
| ২৪। | যুগ্মসচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | সদস্য-সচিব |

-এই কমিটিতে 'সচিব' বলিতে সিনিয়র সচিব এবং ভারপ্রাপ্ত সচিবও অন্তর্ভুক্ত হইবে।

**(খ) কার্যপরিধি :**

(১) জাতীয় হজ ও ওমরাহ নীতি এবং সম্পাদিত হজ চুক্তি সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা ও পরিবীক্ষণপূর্বক জাতীয় হজ ব্যবস্থাপনা কমিটির নিকট সুপারিশ প্রদান;

(২) হজ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর ও প্রতিষ্ঠানসমূহ কর্তৃক করণীয় কার্যক্রমের বিশ্লেষণ ও নির্দেশনা প্রদান;

(৩) সুষ্ঠু হজ বাস্তবায়নের লক্ষ্যে পরিবর্তিত প্রেক্ষাপটে জাতীয় হজ ও ওমরাহ নীতি সংশোধন সম্পর্কে প্রয়োজনীয় সুপারিশ প্রদান;

(৪) জাতীয় হজ ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পরিবীক্ষণ; এবং

(৫) হজ সংক্রান্ত অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়াদি বিবেচনা।

**(গ)** কমিটি বছরে অন্তত দুইবার বৈঠকে মিলিত হইবে।

**(ঘ)** প্রয়োজনবোধে কমিটি সদস্য কো-অপ্ট করিতে পারিবে।

**(ঙ)** ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এই কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

০২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. আবু সালেহ্ মোস্তফা কামাল
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)

মোঃ লাল হোসেন, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd